



পাঠকের লেখা

উন্নত হোক গ্রামীণ শিক্ষাব্যবস্থা

রবিউল হাসান সাগর

শিক্ষা হলো মানবজীবনের মূল ভিত্তি। এটি শুধু একটি মৌলিক অধিকার নয়, বরং একটি জাতির উন্নয়নের প্রধান হাতিয়ারও বটে। তবে বাংলাদেশের মতো একটি উন্নয়নশীল দেশে শিক্ষাব্যবস্থার ক্ষেত্রে একটি বড় চ্যালেঞ্জ হলো গ্রামীণ ও শহুরে শিক্ষা; কিন্তু গ্রামে যে শিক্ষা দেওয়া হয় তা আমাদের সমাজের উন্নয়নে বর্তমানে বড় বাধা হয়ে দাঁড়িয়েছে। শহুরে এলাকায় শিক্ষার সুযোগ-সুবিধা তুলনামূলক অনেক বেশি। উন্নত অবকাঠামো, দক্ষ শিক্ষক, প্রযুক্তি-নির্ভর শিক্ষা এবং বহুমুখী সহায়ক কার্যক্রম শহুরে শিক্ষা ব্যবস্থাকে শক্তিশালী এবং দৃঢ় করেছে। এর বিপরীতে গ্রামীণ এলাকাগুলোতে অনেক বিদ্যালয়ে পর্যাপ্ত অবকাঠামো নেই। শিক্ষার্থীদের অনেক দূর থেকে স্কুলে আসতে হয়, যা অনেক সময় তাদের পড়াশোনার প্রতি অনেকটা অগ্রহ কমিয়ে দেয়। বর্তমান যুগ হলো প্রযুক্তিনির্ভর যুগ। এদিক থেকে গ্রামের শিক্ষার্থীরা অনেকটা পিছিয়ে আছে। শহুরে শিক্ষার্থীরা কম্পিউটার ইন্টারনেট এবং অনলাইন শিক্ষা প্ল্যাটফর্ম ব্যবহার করে

তাদের দক্ষতা বৃদ্ধি করেছে। কিন্তু গ্রামীণ এলাকাগুলোতে এসব সুবিধা এখনও সীমিত। বিদ্যুৎ সরবরাহের সমস্যা এবং প্রযুক্তির অভাবে গ্রামীণ শিক্ষার্থীরা দিন দিন পিছিয়ে পড়ছে। শহুরে বিদ্যালয় গুলোতে শিক্ষক নিয়োগ এবং প্রশিক্ষণ প্রক্রিয়া তুলনামূলক উন্নত। দক্ষ শিক্ষক শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষা দিতে সক্ষম। অন্যদিকে গ্রামীণ বিদ্যালয়ে প্রশিক্ষিত শিক্ষকের অভাব এবং অনেক সময় নিয়মিত ক্লাস পরিচালনার ক্ষেত্রে অসুবিধা দেখা যায়। এদিক থেকেও তারা পিছিয়ে আছে। শহুরে শিক্ষার গুরুত্ব সম্পর্কে সচেতনতা বেশি। পরিবারগুলো শিশুদের শিক্ষার জন্য বড় বাজেট ব্যয় করতে প্রস্তুত। কিন্তু গ্রামীণ এলাকায় দারিদ্র্যের কারণে অনেক অভিভাবক তাদের সন্তানদের স্কুলে পাঠানোর পরিবর্তে কাজে পাঠান। এর ফলে শিশুরা প্রাথমিক শিক্ষা সম্পন্ন করার আগেই ঝরে পড়ে। এই সমস্যাগুলো দূর করার জন্য সরকার ও বেসরকারি সংস্থা গুলোর যৌথ উদ্যোগ প্রয়োজন। এ ছাড়াও গ্রামীণ স্কুলগুলোর জন্য উন্নত ভবন, টয়লেট এবং পানীয়-জলের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। গ্রামীণ

শিক্ষকদের প্রশিক্ষণ যাতে তারা উন্নত মা এলাকায় কম্পিউটার করতে হবে। একই আনতে হবে। গ্রামীণ সম্পর্কে সচেতনতা (প্রয়োজনে দেশ-বিদে হবে। গ্রামে গ্রামে গি শিক্ষার্থীর অকাল বা এই সমস্যাগুলো দূর নয়; বরং এটি দেশে শহুরে ও গ্রামীণ শিশু আমরা একটি সমৃদ্ধ পারব। সবার জন্য : তোলা আমাদের প্রথ রবিউল হাসান সাগর রস্ট্রবিজ্ঞান বিভাগ, ঢ